দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 OCT 1988 ...
পৃষ্ঠা ... ২ কলাম ... 8 ...



## স্কুল-কলেজ দোতলা করা হউক

সরকারের নিকট আবেদন বন্যায় ক্ষতিগ্রস্ত প্রতিটি শিক্ষা-প্রতিষ্ঠানকে মেরামতের জন্য প্রয়োজনীয় আর্থিক মঞ্জুরি দেওয়া হউক। বন্যার সময় স্কুল-কলেজগুলিই ব্যাপকভাবে আশ্রয় ও ত্রাণ-শিবির হিসাবে ব্যবহৃত হয়। তাই পর্যায়ক্রমে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানকে পাকা করিয়া দ্বিতল ভবনে উন্নীত করার আহ্বান জানাইতেছি।

—মুহম্মদ জাহাঙ্গীর খান, সহ-প্রধান শিক্ষক, মালখানগর স্কুল, সিরাজদিখান, মুন্সিগঞ্জ।

## মাষ্টার্স ডিগ্রি কোর্স চাই

চট্টগ্রাম সরকারী সিটি কলেজ হইতে নৈশ শাখায় প্রতি বৎসরই অনেক ছাত্র-ছাত্রী স্নাতক ডিগ্রী পাস করে। কিন্তু নৈশ শাখায় মাষ্টার্স ডিগ্রীতে পড়ালেখা করার সুযোগ নাই। নৈশ শাখায় সাধারণতঃ ঐসকল ছাত্র-ছাত্রীই পড়ালেখা করে যাহাদের পড়ালেখার প্রতি অসীম আগ্রহ আছে। তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া যদি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে চট্টগ্রাম সরকারী কলেজে নৈশ শাখায় মাষ্টার্স ডিগ্রী কোর্স চালু করা হয়, তাহা হইলে নৈশ শাখায় স্নাতক ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীরা নিয়মিত ছাত্র/ছাত্রী হিসাবে মাষ্টার্স ডিগ্রী কোর্সে অধ্যয়ন করিতে পারিত। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ জগন্নাথ কলেজ হইতে অনেকেই নৈশ শাখায় পড়িয়া মাষ্টার্স ডিগ্রী পাস করিতেছে, অথচ চট্টগ্রাম বন্দর নগরী হওয়া সত্ত্বেও চট্টগ্রামের কোন কলেজে এ ধরনের ব্যবস্থা নাই।

—মোঃ নূর হোসেন, পাহাড়তলী, চট্টগ্রাম।